



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

উপাচার্য এবং কোষাধ্যক্ষ মহোদয় সমাবর্তনস্থল পরিদর্শন করেন



আগামী ১১ জানুয়ারি ২০২০ তারিখে মহামান্য রাষ্ট্রপতির অনুমতিক্রমে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনের দিন ইতোমধ্যে ধার্য করা হয়েছে। এই উপলক্ষে ২৮ নভেম্বর, ২০১৯-বৃহস্পতিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ সমাবর্তনস্থল (জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠ, ধুপখোলা) পরিদর্শন করেন।

এসময় সমাবর্তন আয়োজন ও সম্পন্ন করার জন্য মাঠ প্রস্তুত উপ-কমিটির আহবায়ক এআইএস বিভাগের অধ্যাপক ড. মোহাঃ আলী নূর, সদস্য ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।